PNL

# বার্তা
আমরা মানের কথা বলি

একটি ত্রৈমাসিক প্রকাশনা / ৮ম সংখ্যা, জুন ২০১৯

আউটসোর্সিং সেবায় এযেডনিও কম খরচে আধুনিক ব্যবস্থাপনা ৩

চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় পিএনএলের প্রথম পুরস্কার অর্জন ৪

ঈদ মোবারক

## সম্পাদকীয়

প্রকৃতিতে এখন বিরাজ করছে গ্রীষ্ম। গরমে শরীর সুস্থ রাখতে বেশি করে পানি পান করুন। আমাদের এই সংখ্যায় থাকছে, মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে পেডরোলোর পরিবেশক সম্মেলন নিয়ে বিস্তারিত সংবাদ, পেডরোলোর নতুন উদ্যোগ এযেডনিও এর আউটসোর্সিং নিয়ে বিশেষ সংবাদ ও আমাদের সম্মানিত পরিবেশক রূপায়ন যন্ত্রালয়ের বদলে যাওয়ার গল্প, বয়েলিং ফ্রগ সিন্ড্রোম নিয়ে বিশেষ ফিচারসহ অন্যান্য প্রয়োজনীয় সংবাদ।

দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর ঈদ আমাদের মাঝে নিয়ে আসে খুশীর বার্তা। ঈদের খুশী ধনী-গরীব সকলের মাঝে সমান ভাবে ছড়িয়ে পড়ুক। সবাইকে ঈদের অগ্রিম শুভেচ্ছা।

## গরমে বেশি তৃষ্ণা লাগে কেন?

- অন্য ঋতুর তুলনায় গ্রীষ্মে তাপমাত্রা থাকে সবচেয়ে বেশি। অতিরিক্ত তাপমাত্রায় শরীর তার স্বাভাবিক আদ্রতা হারিয়ে ফেলে। সেসময় শরীর থেকে ঘাম নির্গত হয়। ঘামের মাধ্যমে পানি বের হয়ে যাওয়ায় শরীরের তাপমাত্রা স্বাভাবিক হতে থাকে।
- শরীর থেকে ঘাম নিঃসরণের ফলে শরীরে পানি শূন্যতা দেখা দেয়। সেই পানির ঘাটতি পূরণের জন্যে শরীর পুনরায় পানির প্রয়োজনীয়তা প্রকাশ করে। এবং সেই জন্যেই গরমকালে বার বার তৃষ্ণা লাগে।
- গরমে তেষ্টা পেলেই সফট ড্রিঙ্কস পান করতে ইচ্ছে করে। কিন্তু কোলা, কফি, সোডা জাতীয় পানীয়গুলোই শরীরকে বেশি শুষ্ক করে ফেলে। যা থেকে তৃষ্ণা বৃদ্ধি পায় দিগুণ।
- অতিরিক্ত লবণযুক্ত খাবারও পানির তৃষ্ণা বাড়ায়। তাই এসময় এসকল পানীয় পরিহার করে অধিক পানি ও ফলের রস পান করা উচিত।

## বৈদ্যুতিক পানির পাম্প চালানোর টিপস

অতি বৃষ্টি বা বজ্রপাতের সময় সাবমার্সিবল পাম্প চালানো থেকে বিরত থাকুন এবং পাম্পের মটর অতিরিক্ত গরম হলে নিম্মোক্ত বিষয়গুলো লক্ষ্য রাখুন।

- ইলেকট্রিসিটি ভোল্টেজ কম বা বেশি কিনা
- সিংগেল ফেইজ পাম্পের ক্যাপাসিটর দুর্বল হয়েছে কিনা
- মোটরের ইনসুলেশন দুর্বল হয়েছে কিনা
- পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা আছে কিনা
- পাম্প সাইট ব্লক হবার কারণে মোটর ঘুরছে কিনা

প্রয়োজনে পেডরোলো কল সেন্টারে (১৬৩০৮) বিস্তারিত জানুন এবং আপনার বাসা বাড়ির ব্যবহার্য গুরুত্বপূর্ণ পণ্যটি নিরাপদে রাখুন।

## মালয়েশিয়ায় কুয়ালালামপুরে পরিবেশকদের মিলনমেলা



পেডরোলো বাংলাদেশের পরিবেশকদের নিয়ে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে সম্প্রতি অনুষ্ঠিত হলো পেডরোলো পরিবেশক সম্মেলন। ১৪ এপ্রিল-১৭ এপ্রিল পর্যন্ত আয়োজিত সম্মেলনের ভেন্যু ছিল হোটেল সেরি প্যাসিফিক, কুয়ালালামপুর, মালয়েশিয়া। ২২২ জন পরিবেশক এবং ৫৫ জন কর্মকর্তা নিয়ে এই সম্মেলনে মোট অংশগ্রহণ ছিল ২৭৭ জন। যার মাঝে ৩ জন বিদেশি অতিথি অংশগ্রহণ করেন। এসময় মালয়েশিয়া সরকার অতিথি ও পরিবেশকদের স্যুভেনির দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন।

১৫ এপ্রিল স্থানীয় সময় সন্ধ্যা ৬:০০ টায় সম্মেলন শুরু হয়। হেড অব সেলস, জনাব শরিফ উদ্দিন আহমেদ ১৯৮৫ সাল হতে পেডরোলোর পথ চলার বিবরণ দিয়ে সম্মেলন শুরু করেন। তারপর চিফ গভর্নেন্স অফিসার জনাব নুরউদ্দিন ইবনে রফিক প্রতিষ্ঠানের নতুন ব্যবসায়িক উদ্যোগ (এযেডনিও) বিজনেস প্রসেস আউটসোর্সিং সম্পর্কে বিস্তারিত বর্ণনা করেন। তিনি তাঁর বক্তব্যে আউটসোর্সিংয়ের মাধ্যমে খরচ কমিয়ে কিভাবে সঠিকভাবে ব্যবসা পরিচালনা করা যায় তা পরিবেশকদের অবহিত করেন এবং প্রয়োজনে এযেডনিওর সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

পরবর্তীতে পেডরোলো ইতালির এক্সপোর্ট ম্যানেজার জনাব এলিসিও ফ্রাঙ্কিত্তো প্রতিষ্ঠানের উৎপাদিত নতুন পণ্য ও গবেষণাধীন পণ্য নিয়ে পরিবেশকদের অবহিত করেন। এপর্যায়ে প্রতিষ্ঠানের পরিচালক জনাব ইমরান খান বিশ্বখ্যাত জাপানি ব্র্যান্ড সুবারু গাড়ির এজেন্ট প্রাপ্তির বিষয়ে বলেন ও চারটি মডেলের গাড়ির ভিডিও প্রদর্শন করেন। তিনি প্রতিষ্ঠানের পরিবেশকদের মধ্যে কেউ আমাদের গাড়ি ক্রয় করলে গাড়ি প্রতি এক লক্ষ টাকা বিশেষ ছাড়ের ঘোষণা দেন। পরবর্তীতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান পরিবেশক ও কর্মীদের উদ্দেশ্যে উদ্দীপনামূলক বক্তব্য প্রদান করেন।

(বাকি অংশ ২য় পৃষ্ঠায়)

# মালয়েশিয়ায় কুয়ালালামপুরে পরিবেশকদের মিলনমেলা (১ম পৃষ্ঠার বাকি অংশ)

তিনি তাঁর বক্তব্যে কিভাবে সততার সাথে ব্যবসা করলে বড় হওয়া যায় তার গুরুত্ব তুলে ধরেন এবং পেডরোলোর সাথে দীর্ঘদিন ব্যবসায়িক সম্পর্ক বজায় রাখার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পরিশেষে সম্মেলনে শ্রেষ্ঠ পরিবেশকদের বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কৃত করা হয় এবং মালয়েশিয়ান ট্যুরিজম বোর্ড কর্তৃক মনোজ্ঞ আঞ্চলিক নৃত্য ও সাংস্কৃতিক পরিবেশনার মাধ্যমে সম্মেলনের সফল সমাপ্তি হয়।

**সম্মেলনে যেসব সম্মানিত পরিবেশককে পুরষ্কৃত করা হয়**

জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠানের সকল পণ্যে অসাধারণ বিক্রয় দক্ষতার জন্য সেরা পরিবেশক - **রূপায়ন যন্ত্রালয়, ঢাকা**

আঞ্চলিক পর্যায়ে অসাধারণ বিক্রয় দক্ষতার জন্য সেরা পরিবেশকগণ হলেনঃ

- **রূপায়ন যন্ত্রালয় - ঢাকা অঞ্চল**
- **আল-আমিন হার্ডওয়্যার - চট্টগ্রাম অঞ্চল**
- **এস.এফ এন্টারপ্রাইজ - কুমিলা অঞ্চল**
- **ইমরান ট্রেডার্স - খুলনা অঞ্চল**
- **এলিন মেশিনারি স্টোর - বগুড়া অঞ্চল**

পেডরোলো পন্য বিক্রয়ে সেরা পরিবেশকগণ হলেনঃ

**প্রথম- রূপায়ন যন্ত্রালয়, ঢাকা**

**দ্বিতীয়- আল-আমিন হার্ডওয়্যার, চট্টগ্রাম**

বিজিফ্লো পন্য বিক্রয়ে সেরা পরিবেশকগণ হলেনঃ

**প্রথম- রূপায়ন যন্ত্রালয়, ঢাকা**

**দ্বিতীয়- রাশেদ কর্পোরেশন, ঢাকা**

ইট্যাপ পন্য বিক্রয়ে সেরা পরিবেশকগণ হলেনঃ

**প্রথম- রাশেদ কর্পোরেশন, ঢাকা**

**দ্বিতীয়- পটিয়া স্যানিটারি স্টোর, চট্টগ্রাম**

## পিএনএল এ্যালবাম




পেডরোলো এনকে লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খানকে পরিবেশকদের সম্মাননা স্বারক প্রদান



বক্তব্যরত পেডরোলো ইতালির এক্সপোর্ট ম্যানেজার জনাব এলিসিও ফ্রাঙ্কিত্তো



লটারী বিজয়ীদের পুরষ্কার প্রদানের মুহূর্ত




সম্মেলনে পরিচালক ইমরান খানের শুভ জন্মদিন উদযাপন





ম্যাক্সওয়েল ওয়াটার হিটার প্রসঙ্গে হেড অব সেলস্




আঞ্চলিক নৃত্য উপভোগরত প্রতিষ্ঠানের সম্মানিত পরিচালক ও এলিসিও ফ্রাঙ্কিত্তো

# আউটসোর্সিং সেবায় এযেডনিও - কম খরচে আধুনিক ব্যবস্থাপনা




বর্তমান বিশ্বে আউটসোর্সিং প্রচুর জনপ্রিয়তা অর্জন করেছে। যারা নিজের ব্যবসায় পূর্ণ মনযোগ রেখে ব্যবসার অন্যান্য ব্যবস্থাপনা ও কার্যক্রম কোন তৃতীয় পক্ষের হাতে ন্যস্ত করে নিশ্চিন্তে থাকতে চায় আউটসোর্সিং সেবা তাদের জন্য আদর্শ। ব্যবসা চালাতে আউটসোর্সিং অনেক লাভজনক ও সময় সাশ্রয়ী হওয়ায় আজকাল অনেক ছোট বড় প্রতিষ্ঠানই এই সেবা গ্রহণ করেছে। যার ফলে ব্যবসা ব্যবস্থাপনা নিয়ে এসব প্রতিষ্ঠানের আলাদা অর্থ ব্যয় করতে হয়না। আউটসোর্সিং সেবা গ্রহণে অনেক সুবিধা রয়েছে।

আউটসোর্সিং এর ৭টি কারণঃ

১ আউটসোর্সিং এর মাধ্যমে আপনার ব্যবসায় উৎপাদন বাড়াতে এবং ব্যয় কমাতে পারবেন। আপনার ব্যবসার অন্যান্য ব্যবস্থাপনা ও কার্যক্রম আউটসোর্সিং এজেন্সির মাধ্যমে পরিচালিত হবে বিধায় আপনার সময় ও অর্থ সাশ্রয় হবে।

২ নির্ভরযোগ্য আউটসোর্সিং এজেন্সির মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের কাজের মান বৃদ্ধি পাবে, যা আপনার ব্যবসা সমৃদ্ধ করবে এবং আপনার প্রতিযোগী থেকে আপনার প্রতিষ্ঠানকে এগিয়ে রাখবে।

৩ আউটসোর্সিং আপনার ব্যবসার ব্যবস্থাপনা ও অন্যান্য কার্যক্রম তদারক করবে বিধায় আপনি নিশ্চিন্তে আপনার ব্যবসায় পূর্ণ মনোযোগ দিতে পারবেন।

৪ আউটসোর্সিং এজেন্সি তথ্যপ্রযুক্তির সহায়তায় আপনার ব্যবসায় যেকোন ডিজিটাল রূপান্তর, সেবা কিংবা আইটি অবকাঠামো সরবরাহ করবে, ফলে আপনার ব্যবসা হবে আরো বেশি নির্ভুল ও দ্রুত।

৫ আউটসোর্সিং এর মাধ্যমে সব সেবা একই ছাদের নিচে পাওয়া যায় বলে আপনাকে আলাদা করে লোক নিয়োগ করতে হবেনা। যার ফলে খরচ ও সময় দুটোই বেঁচে যাবে।

৬ আপনার ব্যবসার ধরন বুঝে আউটসোর্সিং আপনাকে প্রয়োজনীয় সেবা এবং সহায়তা দিবে ফলে আপনার ব্যবসার উত্তরোত্তর সমৃদ্ধি হবে।

৭ আউটসোর্সিং এর ফলে আপনাকে ব্যবসার প্রয়োজনে আলাদা করে লোকবল নিয়োগ, তাদের প্রশিক্ষণ প্রদান করতে হবেনা। আউটসোর্সিং এর মাধ্যমে আপনার প্রয়োজনীয় সব সেবা পেয়ে যাবেন ।




> "DO WHAT YOU DO BEST
> OUTSOURCE THE REST"
>
> **PETER DRUCKER**
> Management consultant, educator and author

তাই বৈশ্বিক ও স্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠানকে সম্পূর্ণ ডিজিটাল সমাধান ও মানসম্পন্ন আউটসোর্সিং সেবা দেয়ার লক্ষে যাত্রা শুরু করেছে এযেডনিও লিমিটেড। প্রতিষ্ঠানের হিসাব নিকাশ ও মানব সম্পদ ব্যবস্থাপনা, অডিটিং কার্যক্রম, তথ্যপ্রযুক্তি সেবা, কল সেন্টার বা কাস্টমার সার্ভিসের মত আউটসোর্সিং সেবা রয়েছে। এযেডনিও লিমিটেড অভিজ্ঞ ও মেধাবী কর্মীদের মাধ্যমে কম খরচে একই তথ্যপ্রযুক্তির মাধ্যমে আন্তর্জাতিক মানের বিভিন্ন সেবা দিয়ে আপনার ব্যবসার উত্তরোত্তর সমৃদ্ধিতে সহায়তা করতে পারে।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন ঃ **+৮৮ ০১৮৪৪ ৫৫৬৬৫৫**

# "ক্রয় বিক্রয়ের হিসাব ১ মিনিটেরও কম সময়ে বের করতে পারি" - রুপায়ন যন্ত্রালয়





সবাইকে শুভেচ্ছা। পেডরোলো পরিবারের সাথে আমি সুদীর্ঘ ৩৫ বৎসর ব্যবসা করছি। বাজারে এই ৩৫ বৎসর অনেক পানির পাম্প এসেছে, আবার চলেও গিয়েছে। কিন্তু পেডরোলো-ই একমাত্র ৩৫ বৎসর যাবত সুনামের সাথে বাজারে বর্তমান আছে। এই সাফল্যের পেছনে রয়েছে ব্যবস্থাপনা এবং বিভিন্ন ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার।

সঠিক ব্যবস্থাপনা ও প্রযুক্তি ছাড়া সাফল্য অর্জন করা অনেক কঠিন। আজকাল সবকিছুই অনেক দ্রুত সিদ্ধান্ত নিতে হয়। তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি পেডরোলো যেভাবে প্রযুক্তি ব্যবহার করে সফল হয়েছে, আমরাও সেই পথে যাব এবং ব্যবসার প্রবৃদ্ধি অব্যাহত রাখবো।

পেডরোলোর একটি প্রতিষ্ঠান AZNEO এই ব্যাপারে সহযোগিতা করে। যাদের মাধ্যমে আমি একটি সফটওয়্যার ব্যবহার করছি। যার সুফল আমি ইতিমধ্যেই ভোগ করছি। যেমন -

- বিক্রয় করার সময় গ্রাহকের পূর্ববর্তী লেনদেনের হিসাব যাচাই করতে হতো। যার জন্য আমাকে ক্রেডিট খাতা দেখে হিসাব নেয়া লাগতো যা খুব সময়সাপেক্ষ। কিন্তু এখন আমি তৎক্ষণাৎ সফটওয়্যারে ক্রেডিট রিপোর্ট দেখে বিক্রি করতে পারি। সময় এবং শ্রম দুটিই কমে যায়।
- প্রতিদিনের ক্রয় বিক্রয়ের হিসাব দিনশেষে মিলানোর জন্য অধিক সময়ের প্রয়োজন হতো। কিন্তু বর্তমানে দিনের যে কোন সময়ের ক্রয় বিক্রয়ের হিসাব ১ মিনিটের ও কম সময়ে বের করতে পারি।
- মজুদ মালের নগদ হিসাব জানা যেতোনা। কিন্তু এখন সহজেই মজুদ মালের নগদ হিসাব জানতে পারি।
- ক্রয় অর্ডার করার সময় ডিস্ট্রিবিউটরের মজুদ মালের হিসাব এবং লেনদেনের হিসাব জানতে অধিক সময়ের প্রয়োজন হতো। বর্তমানে মাল ক্রয় করার সময় মজুদ মালের হিসাব এবং পূর্ববর্তী লেনদেনের হিসাব জেনে ক্রয় অর্ডার করতে পারি। যা আমাকে অতিরিক্ত পণ্য অর্ডার দেয়া থেকে রক্ষা করে।

অবশেষে সবাইকে আবার ধন্যবাদ। আমার জন্য দোয়া করবেন।



## বয়েলিং ফ্রগ সিনড্রোম



রূপক অর্থে বয়েলিং ফ্রগ সিনড্রোম খুবই জনপ্রিয়। একটা ব্যাঙ কে যদি আপনি একটি পানি ভর্তি পাত্রে রাখেন এবং পাত্রটিকে উত্তপ্ত করতে থাকেন তবে ব্যাঙটি লাফ দিয়ে বেরোনোর পরিবর্তে পানির তাপমাত্রার সাথে সাথে নিজের শরীরের তাপমাত্রা ভারসাম্যে রাখতে থাকে ও পানির উত্তাপ সহ্য করতে থাকে। কিন্তু একসময় পানির প্রচন্ড তাপমাত্রা ব্যাঙের শরীর আর মানিয়ে নিতে পারে না। যখন সে আর পানির প্রচন্ড তাপমাত্রা তার শরীরের তাপমাত্রার সমতায় আসতে পারে না, তখন ব্যাঙটি ফুটন্ত পানির পাত্র থেকে লাফ দেয়ার স্বীদ্ধান্ত নেয়। কিন্তু হায়! সে লাফ দিতে পারেনা, কারণ সে তার সমস্ত শক্তি তাপমাত্রা নিয়ন্ত্রনে ব্যয় করে ফেলেছে। অতপর সে পানিতে সেদ্ধ হতে থাকে।

তার মৃত্যুর কারণটা আসলে গরম পানি না, বিপদজনক পরিস্থিতির শুরুতে সেই পরিস্থিতি অস্বীকার করে লাফ না দিয়ে সব কিছু সহ্য করে নেবার মত বড় ভুল তার মৃত্যুর কারণ। পাত্রের পানি গরম কেন তার প্রতিবাদ না করে বরং তার সাথে নিজেকে মানিয়ে নেয়াই তার জীবন্ত সেদ্ধ হবার কারণ। সঠিক সিদ্ধান্ত সঠিক সময়ে না নেয়াই তার মৃত্যুর কারণ।

খুব সম্ভবত আমরাও ঐ ব্যাঙের মত মানিয়ে নিচ্ছি আমাদের চারপাশের সাথে। সহ্য করছি সব, আর ভাবছি টিকে আছি, টিকে থাকবো। আসলে আমরা সেই বয়েলিং ফ্রগ সিনড্রোমে আক্রান্ত। যখন বুঝবো, তখন ডিসিশান মেকিং এর কোন শক্তিই আর শরীরে অবশিষ্ট থাকবে না।

## পণ্য পরিচিতিঃ মাল্টি স্টেজ সাবমার্সিবল পাম্প



Head : Up to 95 meter
Flow : Up to 180 liter/min

গ্রাহকদের প্রয়োজনে পেডরোলো সবসময় নিত্য নতুন বিভিন্ন মডেলের পানির পাম্প বাজারে নিয়ে আসে। এই ধারাবাহিকতায় আমরা এনেছি মাল্টি স্টেজ সাবমার্সিবল পাম্প। ঘরোয়া ও সাধারণ পরিষ্কার পানিতে এবং কৃষিকাজে ব্যবহারযোগ্য এই পাম্প খুবই নির্ভরযোগ্য ও কার্যকর। এই পাম্প দিয়ে অনায়াসে বাগানে সেচ কাজ ও প্রেসার ট্যাংকের সাথে পানি সরবরাহ করা যাবে। এই পাম্পে সর্বোচ্চ ফ্লো রেট প্রতি মিনিটে ১৮০ লিটার এবং হেড প্রায় ৯৫ মিটারের মত। এই পাম্পের সাথে যথোপযুক্ত আনুভূমিক ব্যবহারের জন্য সহায়ক সংস্থাপক কাঠামো রয়েছে।

## চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় পিএনএলের প্রথম পুরষ্কার অর্জন




চট্টগ্রাম নগরীর পলোগ্রাউন্ড মাঠে অনুষ্ঠিত ২৭তম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করেছে পিএনএল। মেলায় দৃষ্টিনন্দন সাজ সজ্জার জন্য পিএনএল "স্টল ক্যাটাগরীতে" প্রথম পুরষ্কার লাভের গৌরব অর্জন করে। মেলা চলাকালীন প্রতিষ্ঠানের স্টলে অত্যাধুনিক প্রযুক্তির বিভিন্ন মডেলের পানির পাম্প প্রদর্শিত হয়, যা ক্রেতা সাধারণ ও দর্শনার্থীদের নজর কেড়েছে। পিএনএলের অঙ্গ প্রতিষ্ঠান পেডরোলো এন কে লিমিটেড যুগোপযোগী পাম্প বাজারজাতকরণে সর্বদা সচেষ্ট এবং প্রতিনিয়ত গবেষনার মাধ্যমে পাম্পের যন্ত্রাংশ নিয়ে কাজ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করেছে। তদুপরি পাম্প চালু অবস্থায় বিদ্যুৎ খরচ যাতে কম হয় এই বিষয়েও নজর রাখছে।

## বাংলাদেশের বাজারে বিশ্বখ্যাত জাপানি গাড়ির ব্র্যান্ড সুবারু



পেডরোলো বাংলাদেশের পরিচালক জনাব ইমরান খান ও কয়েকজন ব্যবসায়িক পার্টনারের সমন্বয়ে REL মোটরস জাপানের বিশ্বখ্যাত সুবারু ব্র্যান্ডের গাড়ি ঢাকা মোটর শো -২০১৯ এর মাধ্যমে বাংলাদেশে যাত্রা শুরু করেছে। এই ব্র্যান্ডের গাড়ি জনপ্রিয় হলিউডের ছবি "Fast & Furious" এ ব্যবহৃত হয়েছে। REL মোটরস ২০১৯ সালে উৎপাদিত সুবারুর তিনটি জনপ্রিয় মডেলের ব্র্যান্ড নিউ গাড়ি যথাক্রমে সুবারু ফরেস্টার, সুবারু এক্সভি, সুবারু ইমপ্রেজা বাজারজাত করছে। সুবারু সম্প্রতি অর্জন করেছে "Cost to Own" পুরষ্কার। এই পুরষ্কার গত ৫ বছরে গাড়ি রক্ষণাবেক্ষণে যাদের কম খরচ হয়েছে তাদের মধ্যে একমাত্র সুবারু এই গৌরব অর্জন করে। পছন্দের গাড়ি কেনার পূর্বে রয়েছে টেস্ট ড্রাইভের সুযোগ। তাছাড়া গাড়ির মূল্যের সাথে রয়েছে ৫ বছরের ফিটনেসসহ রেজিস্ট্রেশন। যার ফলে গাড়ির রেজিস্ট্রেশন নিয়ে আপনাকে চিন্তা করতে হবেনা। গাড়ি ক্রয়ের সাথে REL মোটরস দিচ্ছে পঞ্চাশ হাজার কিলোমিটার কিংবা তিন বছর পর্যন্ত ওয়ারেন্টি এবং রয়েছে BUY BACK সুবিধা।

বিস্তারিত জানতে আমাদের কল করুনঃ **+৮৮ ০১৮৪৪ ৪৯৪ ৪৪৪**